গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ৪ মে ২০১৫, ২১ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় গ্রিডে যুক্ত হল ৩১৫ মেগাওয়াট বিদ্যুৎ
: নতুন ৪ বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। বিদেশি চাপের কাছে নতি স্বীকার নয় : প্রধানমন্ত্রী

৩। ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বুদ্ধ পূর্ণিমা উদযাপিত
: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন

৪। ২০১৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণির জন্য ডিজিটাল টেক্সটবুক : শিক্ষামন্ত্রী

৫। গণতন্ত্র সচল রাখতে সাংবাদিকদের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী

৬। বিনামূল্যে বই দিয়েছি, এবার ল্যাপটপ : প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

৭। অভিজিৎসহ তিন ব্লগার হত্যার দায় স্বীকার করলো আল কায়দা

৮। যমুনার ওপর পৃথক রেল সেতু হচ্ছে : নির্মাণে ব্যয় হবে ৮ হাজার ২৭৪ কোটি টাকা

৯। থাইল্যান্ডের গণকবরে ১০ বাংলাদেশির সন্ধান

১০। কারাবন্দী বিএনপি নেতা নাসির উদ্দিন আহমেদ পিন্টুর ইন্তেকাল

চলমান পাতা/২

১। জাতীয় গ্রিডে যুক্ত হল ৩১৫ মেগাওয়াট বিদ্যুৎ : নতুন ৪ বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

নতুন চারটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর মাধ্যমে জাতীয় গ্রিডে সংযুক্ত হয়েছে ৩১৫ মেগাওয়াট বিদ্যুৎ। একইসঙ্গে একটি সঞ্চালন লাইন এবং একটি উপকেন্দ্রও উদ্বোধন করেছেন তিনি। গতকাল ৩ মে রোববার গণভবন থেকে নাটোরের ৫২ দশমিক ২ মেগাওয়াট, নারায়ণগঞ্জের গগনগরের ১০২ মেগাওয়াট, মুন্সীগঞ্জের কাঠপট্টির ৫২ দশমিক ৫ মেগাওয়াট এবং নরসিংদীর ঘোড়াশালের ১০৮ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোর পাশাপাশি প্রধানমন্ত্রী মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং লালবাগে একটি উপকেন্দ্র উদ্বোধন করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

২। বিদেশি চাপের কাছে নতি স্বীকার নয় : প্রধানমন্ত্রী

সম্প্রতি সিটি কর্পোরেশন নির্বাচন নিয়ে আন্তর্জাতিক মহলে অসন্তোষের প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোনো বিদেশি চাপে নতি স্বীকার করার মতো কিছু তিনি করেননি। তিনি বলেন, এমন কোনো অপরাধ করিনি যে, আন্তর্জাতিক চাপের কাছে মাথা নত করতে হবে। এমন কোনো দুর্বলতা আমাদের নেই যে, কেউ এসে বলবে আর প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাথা নত করবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র আ জ ম নাছির গতকাল ৩ মে রোববার গণভবনে দেখা করতে গেলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৭), ইত্তেফাক (পৃ.১,ক.৬), যায়যায়দিন (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৩। ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বুদ্ধ পূর্ণিমা উদযাপিত

: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন

যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্যময় পরিবেশে নানা কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে গতকাল ৩ মে রোববার সারাদেশে বৌদ্ধ সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা উদযাপিত হয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। গৌতম বুদ্ধের শুভজন্ম, বোধিজ্ঞান ও মহাপরিনির্বাণ লাভ এই ত্রিস্মৃতি বিজড়িত বৈশাখী পূর্ণিমা বৌদ্ধ সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। বিশ্বের সব বৌদ্ধ সম্প্রদায়ের কাছে এটি বুদ্ধ পূর্ণিমা নামে পরিচিত। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

৪। ২০১৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণির জন্য ডিজিটাল টেক্সটবুক : শিক্ষামন্ত্রী

২০১৬ শিক্ষাবর্ষে প্রচলিত পাঠ্যবইয়ের পাশাপাশি পরীক্ষামূলকভাবে ৬ষ্ঠ শ্রেণির জন্য ইন্টারএ্যাকটিভ ডিজিটাল টেক্সটবুক চালু করা হবে। পর্যায়ক্রমে তা অন্যান্য ক্লাসের জন্যও করা হবে। গতকাল ৩ মে রোববার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর সভাকক্ষে টিকিউআই প্রকল্প আয়োজিত দু'দিনব্যাপী কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), ইনকিলাব (পৃ.১,ক.৩)।

৫। গণতন্ত্র সচল রাখতে সাংবাদিকদের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নারী-পুরুষ সমান তালে কাজ করতে পারলে দেশ সামনের দিকে এগিয়ে যাবে। এজন্য গণমাধ্যমসহ সর্বত্র নারীদের জন্য কর্ম পরিবেশ সৃষ্টি করতে হবে। সাংবাদিকরা আজ নানারকম ঝুঁকির মধ্যে আছেন। তারা সন্ত্রাসী হামলার শিকার হচ্ছেন। তিনি বলেন, গণতন্ত্র সচল রাখতে সাংবাদিকদের ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। আমরা সাংবাদিকদের বিভিন্ন সমস্যা সমাধানের চেষ্টা করছি। তথ্যমন্ত্রী গত ১ মে শুক্রবার রাজধানীর তোপখানা রোডে সাংবাদিক ক্লাব এ্যান্ড ক্যাফে উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), নিউজ টুডে (পৃ.১৫,ক.৮)।

৬। বিনামূল্যে বই দিয়েছি, এবার ল্যাপটপ : প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, আওয়ামী লীগ সরকারই ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ শুরু করে। আজ থেকে সরকার ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে ল্যাপটপ বিতরণও শুরু করল। আজ যারা বিনামূল্যে ল্যাপটপ পাচ্ছে তাদের ভেতর থেকেও কেউ না কেউ ভবিষ্যতে ফেসবুক, গুগলের মতো প্রতিষ্ঠান তৈরি করবে। গতকাল ৩ মে রোববার রাজধানীর বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মিলনায়তনে এক্সিম ব্যাংকের সহায়তায় 'বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ল্যাপটপ বিতরণ' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আড়াই শ' শিক্ষার্থীকে ল্যাপটপ দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৮)।

৭। অভিজিৎসহ তিন ব্লগার হত্যার দায় স্বীকার করলো আল কায়দা

বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক ব্লগার ও বিজ্ঞানমনস্ক লেখক অভিজিৎ রায় হত্যার দায় স্বীকার করেছে আল কায়দার উপমহাদেশীয় শাখা 'আল কায়দা ইন দি ইন্ডিয়ান সাবকন্টিনেন্ট' (একিউআইএস)। এছাড়া

ব্লগার ওয়াশিকুর রহমান বাবু ও আহমেদ রাজীব হায়দারকে হত্যার দায়ও স্বীকার করে সংগঠনটি। আল কায়দাসহ অন্য জঙ্গি সংগঠনগুলোর অনলাইন তৎপরতার ওপর নজরদারি রাখছে যুক্তরাষ্ট্রভিত্তিক এমন একটি ওয়েবসাইট-'সাইট ইন্টেলিজেন্স গ্রুপের' বরাত দিয়ে গতকাল ৩ মে রোববার এএফপি এ তথ্য জানায়। সূত্র-সমকাল (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৮। যমুনার ওপর পৃথক রেল সেতু হচ্ছে : নির্মাণে ব্যয় হবে ৮ হাজার ২৭৪ কোটি টাকা

বঙ্গবন্ধু সেতুতে ট্রেন চালানো ঝুঁকিপূর্ণ হওয়ায় যমুনা নদীর ওপর পৃথক একটি রেল সেতু নির্মাণ করা হচ্ছে। ৪ দশমিক ৮ কিলোমিটার দীর্ঘ ডুয়েল গেজ ডাবল লাইনের সেতুটি নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৮ হাজার ২৭৪ কোটি ৩৫ লাখ টাকা। এর মধ্যে জাপান অর্থায়ন করবে ৬ হাজার ৬৫১ কোটি ৬৩ লাখ টাকা। চলতি বছরের শেষ দিকে এর নির্মাণ কাজ শুরু হয়ে ২০২০ সালের ডিসেম্বরে তা শেষ হওয়ার কথা রয়েছে বলে রেলওয়ে সূত্র জানায়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬),

৯। থাইল্যান্ডের গণকবরে ১০ বাংলাদেশির সন্ধান

থাইল্যান্ডের দক্ষিণাঞ্চলের সংখলা প্রদেশে আবিষ্কৃত গণকবরে অন্তত ২৬টি মরদেহের মধ্যে ১০টি বাংলাদেশির বলে জানিয়েছেন থাইল্যান্ডভিত্তিক সংবাদ মাধ্যম ব্যাংকক পোস্ট। গণকবরের পাশ থেকে উদ্ধার হওয়া আনুজার নামে ২৮ বছর বয়সী এক যুবককে উদ্ধৃত করে এ খবর প্রকাশ করেছে সংবাদ মাধ্যমটি। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৫)।

১০। কারাবন্দী বিএনপি নেতা নাসির উদ্দিন আহমেদ পিন্টুর ইন্তেকাল

বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও ছাত্রদলের সাবেক সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন । গতকাল ৩ মে রোববার বুকে ব্যথা অনুভব করলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে নেওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক দুপুর ১২টা ২০ মিনিটে তাকে মৃত ঘোষণা করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ১৯৭৪ সালে স্বাক্ষর করা বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তির কোনো ধারা কাটছাঁট না করে ভারতীয় পার্লামেন্টে যাতে অনুমোদিত ও বাস্তবায়িত হয় সে ব্যাপারে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : পোশাক শিল্পের ৪০ শতাংশ শ্রমিক কর্মক্ষেত্রে নিজেকে নিরাপদ মনে করেন না এক জরিপে প্রকাশিত এ খবরে উদ্বেগ প্রকাশ করে কারখানার ঝুঁকিমুক্ত কর্মপরিবেশ ও শ্রমিকদের ন্যায্য অধিকার সংরক্ষণে এ খাতের সংশ্লিষ্ট সকল পক্ষকে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের সুপারিশ;

গ. জনকণ্ঠ : অর্থনৈতিক দৃঢ়তার প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ভেঙ্গে অর্থপূর্ণ বিনিয়োগ করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : নবম সহকারি জজ নিয়োগের লিখিত পরীক্ষায় ব্যাপক অনিয়মের অভিযোগ পাওয়া যাওয়ায় এব্যাপারে যথাযথ তদন্তের মাধ্যমে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. সমকাল : যুক্তরাষ্ট্রে একটি প্রতিনিধিদল বাংলাদেশের অফুরন্ত সম্ভাবনা থাকার কথা বলায় সন্তুষ্টি প্রকাশ করে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ায় লক্ষ্য অর্জন করতে বিনিয়োগ, জিডিপিতে প্রবৃদ্ধি এবং সামগ্রিক অর্থনীতিতে শিল্পের অবদান বাড়ানোর আহ্বান;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, নেউ নেশন, প্রথম আলো, সংবাদ : থাইল্যান্ডের জঙ্গলে গণকবরে বাংলাদেশি অভিবাসী থাকার ঘটনার উচ্চপর্যায়ের তদন্ত করে দোষীদের চিহ্নিত করে শাস্তি প্রদানের সুপারিশ;

ছ. ডেইলি স্টার : ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে তে মিডিয়ার ব্যাপক বিস্তারে সরকারের কাছ থেকে আরও সহযোগিতার প্রত্যাশা;

জ. ইন্ডিপেনডেন্ট : ভূমির উর্বরতা সংরক্ষণে নিম্নমানের সার ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করে জৈব সার ব্যবহার বাড়ানোর ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. ডেইলি সান : গ্রীষ্মকালীন ফলমূল বিষাক্ত রাসায়নিক থেকে রক্ষায় যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা;

ঞ. নিউ এজ, নিউ নেশন, যায়যায়দিন : প্রাপ্য লোকদের হাতে সরকারি ভর্তুকি যথাযথভাবে না পৌঁছার প্রেক্ষিতে সরকারকে ভর্তুকি প্রদানের নীতিমালা নিয়ে পুনরায় ভেবে সিদ্ধান্ত নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে রাজনীতিকে দূষণমুক্ত করতে হলে সামাজিক ও রাজনৈতিক দূষণমুক্তির আন্দোলন দরকার বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'অনধিকার চর্চা ও নারীর নিরাপত্তা' শিরোনামের নিবন্ধে ড. রেবা মণ্ডল জাতীয় জীবনের যৌক্তিক সাম্যবাদ প্রতিষ্ঠার জন্য নারী-পুরুষ উভয়কেই নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা